

স্নাতকোত্তর অন্ত্য-সেমিস্টার পরীক্ষা, ২০২৫

দ্বিতীয় বর্ষ, দ্বিতীয় সেমিস্টার

বাংলা বিভাগ

কোর্স : পি জি -৪.৫৬এ

বিষয় : বাংলা শিশু-কিশোর সাহিত্য

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও। প্রশ্নগুলি সমমানের।

৩×১০ = ৩০

১। ‘শিশু-কিশোর সাহিত্যের’ বিশেষত্বকে তুমি কীভাবে চিহ্নিত করতে চাও? এই বিশেষত্ব থেকে ‘শিশু-কিশোর’ সম্বন্ধে যে সামাজিক ধারণা বেরিয়ে আসে তার মূল্যায়ন করে এই বিষয়ে তোমার মত লেখো।

অথবা

২। রূপকথার জগতে মেয়েদের উপস্থিতির বৈশিষ্ট্য তোমাকে কীভাবে ভাবায়?

৩। ‘সহজপাঠ’-এর জন্য বাঙালি শিশুর ভাগ্যকে ঈর্ষাযোগ্য বলে মন্তব্য করেন এক সমালোচক। এই বিষয়ে তোমার ভাবনা যুক্তি দিয়ে প্রতিষ্ঠা করো।

অথবা

৪। বিভূতিভূষণের ‘চাঁদের পাহাড়ে’ ঔপনিবেশিক আদর্শেরই আত্মীকরণ দেখা যায়। মন্তব্যটি বিচার করে এবিষয়ে তোমার মতামত জানাও।

৫। উনিশ শতকে ‘সখা’ পূর্ববর্তী যেসব পত্র-পত্রিকাকে ‘শিশু-কিশোর পত্রিকা’ হিসেবে বিবেচনা করা হয় সেগুলির অভিমুখ ও প্রবণতা বিচার করে এগুলিকে ‘শিশু-কিশোর পত্রিকা’ভুক্ত করা যায় কিনা জানাও।

অথবা

৬। সংক্ষিপ্ত পরিচয় দাও (যে কোনো দুটি) :

২×৫ = ১০

(ক) ‘বালক’

(খ) ‘সন্দেশ’

(গ) ‘রংমশাল’

৭। টেনিদার আখ্যানগুলো আসলে ‘অন্যের জন্য’ মানুষের বেঁচে থাকার গল্প বলে। এইরকম সিদ্ধান্তের সঙ্গে তুমি কি একমত হবে? তোমার পঠিত উপন্যাসের ভিত্তিতে মন্তব্যটি কীভাবে পড়বে জানাও।

অথবা

৮। নানাভাবে নিজের আর্ষ বা ব্রাহ্মণ গরিমার কথা বললেও ভজহরি মুখার্জির পরিচিতি যে ‘টেনিদা’-তেই থিতু হল তার কারণ এই বন্ধুসঙ্গ। সত্যিই কি তাই? নিজের মতামত লেখো।

৯। প্রেমেন্দ্র মিত্র-র মামাবাবু বা ঘনাদা সিরিজের কাহিনিগুলোকে কি বাঙালির অভিযান-গৌরবের সমালোচনা হিসেবে পড়া চলে? তোমার পঠিত কাহিনির সাপেক্ষে মন্তব্যটি বিচার করো।

★ ★ ★